দৈনিক ইত্তেফাক

তারিখ MAR 3 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭

# নেত্রকোনায় সাক্ষরতা আন্দোলন ঃ

## শিক্ষার্থীদের অনিয়মিত হাজিরা

নেত্রকোনা সংবাদদাতা ।। নেত্রকোনা জেলাকে নিরক্ষরমুক্ত করিতে জেলার তিন থানায় সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচী 'উজ্জীবিত নেত্রকোনা' বাস্তবায়নের কাজ আগাইয়া চলিয়াছে। জেলার কেন্দুয়া বারহাট্টা এবং নেত্রকোনা সদরে এই কর্মসূচী প্রথম পর্যায়ে বাস্তবায়ন করা হইতেছে। এই তিন থানার ২,১৩,৭৫০ জন নিরক্ষর পুরুষ ও মহিলাকে উজ্জীবিত নেত্রকোনা কর্মসূচীর আওতায় আনা হইয়াছে। এরমধ্যে ১,১১,২১০ জন পুরুষ এবং ১,০২,৫৪০ জন মহিলা রহিয়াছে।

৬ মাসব্যাপী এই কর্মসূচীকে বাস্তবায়নের জন্য রাজনৈতিক নেতৃবৃন্দ, সরকারী কর্মকর্তা, স্থানীয়

(৫ম পৃঃ দ্রঃ)

### নেত্রকোনায় সাক্ষরতা

(৩য় পৃঃ পর)

জনসাধারণ, জনপ্রতিনিধিসহ সমাজের সকল স্তরের ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করা হইয়াছে। এছাড়া এই কর্মসূচী পরিচালনা এবং পড়াশুনা বা পাঠদানের জন্য ৭১২৫টি কেন্দ্রে ৭১২৫ জন কেন্দ্র শিক্ষক এবং ৪৭৫ জন সুপারভাইজার নিয়োগ প্রদান করা হইয়াছে। ইহাছাড়া প্রতি ইউনিয়নের জন্য ১ জন মনিটরিং অফিসার নিয়োগ দেওয়া হইয়াছে।

নেত্রকোনার জেলা প্রশাসক এবং "উজ্জীবিত নেত্রকোনা"র সভাপতি আলী আকবর হোসেন আকন্দ এই সংবাদদাতাকে জানান যে, প্রশিক্ষণার্থীদের মাঝে পাঠ্য বই, স্লিপ চার্ট, প্লেট, ব্ল্যাকবোর্ড, চক, ডাষ্টার, চট, হারিকেন প্রদান করা হয়। তিনি আরও জানান যে, এই কর্মসূচী বাস্তবায়নের জন্য ৬ কোটি টাকা বরাদ্দ দেওয়া হইয়াছে। ইতিমধ্যে কর্মসূচী বাস্তবায়নের ৬ মাসের মধ্যে ৫ মাস শেষ হইয়াছে। তবে বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করিয়া দেখা গিয়াছে, প্রশিক্ষণার্থীদের নিয়মিত হাজিরা কম। সময়মত কেন্দ্রে উপস্থিতি হওয়া সম্ভব হয় না। গৃহস্থালীর কাজে এবং মাঠে ময়দানে কাজে ব্যস্ত থাকায় এই অবস্থা হয় বলিয়া জানা গিয়াছে। তবে মহিলা ও অল্প বয়স্কদের হাজিরা ভাল। এই তিন থানায় কর্মসূচী বাস্তবায়িত হইলে মোহনগঞ্জ, পূর্বধলা এবং আটপাড়া থানাকে উজ্জীবিত নেত্রকোনার আওতায় আনা হইবে।

...ION AND STATISTICS
3. SYSTEM
SHEET — OF — SHEETS